



# বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল

২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী  
পুরাতন ৮৬ বিজয়নগর, ঢাকা-১০০০।

## বিজ্ঞপ্তি



ডাঃ মোঃ মনোয়ার হোসেন

সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ডাঃ মোঃ মনোয়ার হোসেন, উপজেলা: নড়িয়া, ইউনিয়ন: ঘড়িবা, জেলা: শরীয়তপুর এ অবস্থিত মা ও শিশু ডায়াবেটিক হাসপাতালে প্রসূতি মাহিনুর এর সিজার অপারেশন করার পর প্রসূতি মায়ের মৃত্যু হয়। অপারেশনে উক্ত চিকিৎসকের গাইনী এন্ড অবস্ বিব্রে কোন উচ্চতর ডিগ্রী বা প্রশিক্ষণ না থাকা সত্ত্বেও একই সাথে এ্যানাসথেসিস্ট ও সার্জন এর ভূমিকা পালন করে বিধি বহির্ভূতভাবে সিজারিয়ান সেকশন পরিচালনা করিয়াছেন বিধায় পরবর্তীতে প্রসূতি মা মাহিনুরের মৃত্যু হয়। ডাঃ মোঃ মনোয়ার হোসেন এর চিকিৎসা পরবর্তী ডাঃ মোঃ সফিকুল ইসলাম, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নড়িয়া, শরীয়তপুর অত্র কাউন্সিলে তদন্ত পূর্বক একটি প্রতিবেদন প্রেরণ করিয়াছেন। অত্র কাউন্সিল উক্ত তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে উপনীত হয় যে, চিকিৎসা কার্যে চিকিৎসকের যথেষ্ট গাফিলতি ছিল তাহা প্রমানিত হইয়াছে। এমতাবস্থায় বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০(৬১নং আইন) এর ২৩ (১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বিএমএন্ডডিসি হইতে প্রদত্ত আপনার রেজিস্ট্রেশন ( A- 68921, Date of Registration: 13.07.2014) ১ (এক) বৎসরের জন্য স্থগিত: করা হইল। অত্র স্থগিত আদেশ ২৪/০৮/২০২৩ইং তারিখ হইতে কার্যকর হইবে। উল্লেখিত সময়ে বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০( ৬১ নং আইন ) এর ধারা ২২(১) অনুযায়ী আপনার রেজিস্ট্রেশন স্থগিতকালীন সময়ে আপনি চিকিৎসক হিসাবে কোথাও কোন প্রকার চিকিৎসা সেবা প্রদান করিতে পারিবেন না। এমনকি উক্ত সময়ে আপনি নিজেকে চিকিৎসক হিসাবে পরিচয় দিতে পারিবেন না।

  
২০/০৮/২০২৩

ডাঃ মোঃ লিয়াকত হোসেন  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল